# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২৩

১০. কিতাবুল জানাইয বএবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১০) কাফন করা প্রসঙ্গে - যে ব্যক্তি কোন মুসলিম ভাইয়ের কাফনের দায়িত্ব গ্রহণ করবে, তার প্রতি নির্দেশ হলো সুন্দর করে কাফন করা

10 ـ فَصْلٌ فِي التَّكْفِين ـ ذِكْرُ الْأَمْرِ لِمَنْ وَلِي أَمْرَ أَخِيهِ الْمُسْلِمِ أَنْ يُحْسِنَ كَفَنَه

আরবী

3023 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّارُ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ الْكَرِيمِ حَدَّثَنِي إِبْرَاهِيمُ بْنُ عَقِيلِ بْنِ مَعْقِلٍ عَنْ أَبِيهِ عَنْ وَهْبِ بْنِ مُنَبِّهٍ قَالَ: هَذَا مَا سَأَلْتُ عَنْهُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ فَذَكَرَ أَحَادِيثَ فَقَالَ: إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَ يَوْمًا فَذَكَرَ رَجُلًا مِنْ أَصْحَابِهِ (قُبِضَ) فَكُفِّنَ فِي كَفَنٍ غَيْرِ طَائِلٍ وقُبِرَ لَيْلًا فَزَجَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُقْبَرَ الرَّجُلُ بليلٍ أَوْ يُصَلَّى عَلَيْهِ إِلَّا أَنْ يُضْطَرَّ إِلَى ذَلِكَ وَقَالَ: (إذا وَلِيَ أحدكم أخاه فَلْيُحْسِنْ كَفَنَهُ)

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3023 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (77): م.

বাংলা

৩০২৩. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার ভাষন দিচ্ছিলেন। অতঃপর তিনি একজন সাহাবীর কথা আলোচনা করেন, যিনি মারা গিয়েছিলো অতঃপর নাতিদীর্ঘ কাফনে কাফন করা হয়েছিল এবং তাকে রাতে দাফন করা হয়েছিল। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একান্ত বাধ্য না হলে রাতে কাউকে কবরস্থ করতে অথবা জানাযার সালাত আদায় করতে নিষেধ করেন। তিনি বলেন, “যখন তোমাদের কেউ তার কোন ভাইয়ের দায়িত্ব গ্রহণ করবে, সে যেন সুন্দর করে তার কাফন করে।”[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৩৬৯; মুসনাদ আহমাদ: ৩/৩২৯; বাগাবী: ১৪৭৮; তিরমিযী: ৯৯৫; ইবনু মাজাহ: ১৪৭৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল আহকাম: ৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92353

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন